

# সহজ প্রশ্নে উচ্ছ্বসিত শিক্ষার্থীরা ২৫ হাজারের বেশি অনুপস্থিত, বহিষ্কার ৭

নিজস্ব প্রতিবেদক

২২ এপ্রিল ২০২৬, ১২:০০ এএম



সারাদেশে একযোগে শুরু হওয়া এসএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিনটি কেটেছে শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে। তবে সূচনাতেই অনুপস্থিতির সংখ্যা দাঁড়িয়েছে ২৫ হাজার ৪০৮। এ ছাড়া নকল ও অনিয়মের দায়ে ৬ জন পরীক্ষার্থী এবং ১ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। গতকাল বিকালে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির প্রকাশিত তথ্যে এসব জানা যায়।

**সারাদেশের চিত্র :** চলতি বছরের এসএসসি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষায় সাড়ে ১৮ লাখের বেশি পরীক্ষার্থী অংশ নেওয়ার কথা থাকলেও প্রথম দিনেই উল্লেখযোগ্য সংখ্যক পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। ৩ হাজার ৮৮৫টি কেন্দ্রে একযোগে সকাল ১০টা থেকে শুরু হয়ে দুপুর ১টায় পরীক্ষা শেষ হয়।

বোর্ডভিত্তিক পরিসংখ্যান, সাধারণ শিক্ষা বোর্ড (৯টি) : বাংলা প্রথমপত্র পরীক্ষায় অংশ নেওয়ার কথা ছিল ১১ লাখ ৩৪ হাজার ৮৫৩ জনের। এর মধ্যে ১১ লাখ ২২ হাজার ৯৬৩ জন অংশ নেয়। অনুপস্থিত ছিল ১১ হাজার ৮৯০ জন। ঢাকা ও দিনাজপুর বোর্ডে একজন করে মোট দুই শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। গড় অনুপস্থিতি ১.০৫ শতাংশ, যার মধ্যে বরিশাল বোর্ডে সর্বোচ্চ (১.৩৯%) এবং দিনাজপুরে সর্বনিম্ন।

**মাদরাসা শিক্ষা বোর্ড :** দাখিলের কোরআন মাজিদ ও তাজভিদ পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ২ লাখ ৫৪ হাজার ৯০৩ জন। অংশ নেয় ২ লাখ ৪৩ হাজার ৬৯২ জন। অনুপস্থিত ১১ হাজার ২১১ জন। চারজন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। গড় অনুপস্থিতি ৪.৪০ শতাংশ।

**কারিগরি শিক্ষা বোর্ড :** এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় ১ লাখ ১৯ হাজার ২৫০ জনের মধ্যে অংশ নেয় ১ লাখ ১৬ হাজার ৯৪৩ জন। অনুপস্থিত ২ হাজার ৩০৭ জন। কোনো শিক্ষার্থী বহিষ্কার না হলেও একজন পরিদর্শককে দায়িত্বে গাফিলতির কারণে বহিষ্কার করা হয়েছে। গড় অনুপস্থিতি ১.৯৩ শতাংশ।

কেন্দ্রে কেন্দ্রে নজরদারি, সন্তুষ্ট শিক্ষামন্ত্রী : প্রথম দিনেই রাজধানীসহ আশপাশের কয়েকটি কেন্দ্র পরিদর্শন করেন শিক্ষা ও প্রাথমিক গণশিক্ষা মন্ত্রী ড. আনাম হুসেইন মিলন। সাভার, মানিকগঞ্জ ও ঢাকার বিভিন্ন প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে তিনি পরীক্ষা কার্যক্রম তদারকি করেন। পাশাপাশি সিসি ক্যামেরার মাধ্যমে পরীক্ষার হল পর্যবেক্ষণ করেন।

পরিদর্শন শেষে সংবাদ সম্মেলনে তিনি বলেন, অত্যন্ত সুষ্ঠু ও আনন্দময় পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কোথাও কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

তিনি আরও জানান, একটি ঝুঁকিপূর্ণ কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে একজনকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষার স্বচ্ছতা নিশ্চিত করতে প্রতিটি কেন্দ্রের সিসি ক্যামেরা ফুটেজ সাত দিন সংরক্ষণের নির্দেশ দেওয়া হয়েছে।

এক প্রশ্নে শিক্ষামন্ত্রী জানিয়েছেন, পিএসসি ও জেএসসি পরীক্ষা পুনরায় চালুর কোনো পরিকল্পনা নেই। এইচএসসি পরীক্ষার নতুন সময়সূচি চলতি সপ্তাহেই প্রকাশ করা হবে।

**সহজ প্রশ্নে স্বস্তি, উচ্ছ্বাস শিক্ষার্থীদের :** এদিকে রাজধানীর বিভিন্ন পরীক্ষা শেষে কেন্দ্র থেকে বেরিয়ে অনেক শিক্ষার্থীই প্রশ্ন সহজ হওয়ায় সন্তোষ প্রকাশ করেছে। ভিকারুননিসা নূন স্কুলের শিক্ষার্থী তাসমিয়া জানায়, সব প্রশ্নের উত্তর লিখে এসেছি। ভালো শুরু হয়েছে। তার সহপাঠী সুমনা ইসলাম বলে, এভাবে চললে গোল্ডেন জিপিএ-৫ পাওয়া সম্ভব।

**আগামীর বার্তা :** পরীক্ষার্থীদের নির্ভয়ে ও স্বাভাবিকভাবে পরীক্ষায় অংশ নেওয়ার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী। অভিভাবকদেরও কেন্দ্রের আশপাশে অযথা ভিড় না করার অনুরোধ করা হয়েছে।